

বদরগঞ্জ ছাত্রলীগের কমিটিতে শিবির কর্মী!

■ বদরগঞ্জ (রংপুর) প্রতিনিধি

বিবাহিত, শিবির ও অধ্যয়নের দিকে উপজেলা ছাত্রলীগ, পৌরসভা ছাত্রলীগ ও কলেজ শাখা ছাত্রলীগের তিনটি পকেট কমিটির প্রতিবাদে মানববন্ধন করা হয়। ছাত্রলীগ রক্ষা কমিটির ব্যানারে এই মানববন্ধন করে কমিটিতে বক্তিত হওয়া উপজেলা ছাত্রলীগের নেতাকর্মীরা। শনিবার শহীদ মিনার চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে এক সভায় ছাত্রলীগ নেতা মাকসুদুল্লাহমান মারুফ বলেন, জেলা ছাত্রলীগের সভাপতি, সাধারণ সম্পাদক অর্থের বিনিময়ে শিবির, ছাত্রদল, অধ্যয়ন বিবাহিতদের নাম অত্রিক্ত করে কমিটির অনুমোদন দিয়েছেন। তৃণমূল পর্যায়ে সক্রিয় কর্মীদের মূল্যায়ন না করে একটি পকেট কমিটির অনুমোদন দেওয়া হয়।

বদরগঞ্জ উপজেলা ছাত্রলীগের সভাপতি করা হয়েছে ইমরান আলীকে। অভিযোগ রয়েছে, তিনি ছাত্র শিবিরের কর্মী। তিনি উপজেলা ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ত নন। এলাকায় তাকে কেউ চেনেন না। কমিটিতে আরও স্থান পেয়েছেন অধ্যয়ন রবিউল আদম রবি (সাধারণ সম্পাদক), বিবাহিত বেলাল হোসেন লাজু (যুগ্ম সম্পাদক), জালাল হামাগিক, তানজিমুল ইসলাম মিম (সাংগঠনিক সম্পাদক)। এদিকে পৌর ছাত্রলীগে যারা স্থান পেয়েছেন তারা হলেন বিবাহিত মোহাম্মদ রহমান আপন, রেজাউল ইসলাম হিরা ও বন্দুকার রেজাউল ইসলাম রিজ। তারা কেউ বর্তমানে ছাত্র নন। এভাবেই বদরগঞ্জ কলেজ ছাত্রলীগের কমিটিও অনুমোদন করা হয়েছে। যেখানে স্থান পেয়েছেন বি-এন-শি-জামায়াতের কর্মী, অপরিচিত ও যারা ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ত নন তারা। আবার অনেকেই আছেন যাদের কেউ চেনে না। তারাও এই পকেট কমিটিতে স্থান পেয়েছেন। ১০ বছর আগে উপজেলা ছাত্রলীগের ত্রিবার্ষিক কমিটি গঠন হয়। গত ৫ অক্টোবর উপজেলা ছাত্রলীগের নতুন কমিটি গঠন করার জন্য সম্মেলন হয়। কিন্তু হঠাৎ করে সম্মেলন স্থগিত করা হয়। এতে ফুর্ত হয়ে ওঠেন কর্মীরা। এ ঘটনার তিন মাস পর হঠাৎ করে গত ব্যুৎপত্তিবার রংপুর জেলা ছাত্রলীগের সভাপতি দনজিং ঘোষ তাপস ও সাধারণ সম্পাদক ফকরুল হাছান সিউ স্বাক্ষরিত পত্রে বদরগঞ্জ উপজেলা, পৌর ও বদরগঞ্জ কলেজ শাখা পকেট কমিটি ঘোষণা করে।

জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফকরুল হাসান সিউ বলেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি, সম্পাদক ও আওয়ামী লীগ নেতা উপজেলা চেয়ারম্যানের সুপারিশে এই তিনটি কমিটির নাম ঘোষণা হয়।

বদরগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি আহসানুল হক চৌধুরী ডিউক ও সাধারণ সম্পাদক টুটুল চৌধুরী বলেন, আমাদের মতামত নেওয়া হয়নি। তারা মনগড়াভাবেই এই কমিটির অনুমোদন দেয়।